

## Working for victims of crime

### যাদের বিরুদ্ধে অপরাধ করা হয়েছে

### তাদের জন্য কাজ করা

#### যে কেউই অপরাধের শিকার হতে পারেন

অপরাধের ফলে বিভিন্ন লোকের বিভিন্ন রকমের প্রতিক্রিয়া হয়। যাদের বিরুদ্ধে অপরাধ করা হয়, তাদের বেশীরভাগেরই যদিও কোন দীর্ঘকাল ব্যাপী ক্ষতি হয় না, তবুও, প্রাপ্তবয়স্ক লোক ও শিশু, এই দুই দলের ওপরেই অপরাধের প্রভাব গুরুতর রকম ভাবে পড়তে পারে।

যারা অপরাধের ফলে ভুগেছেন, তাদের হয়ত ব্যবহারিক তথ্য ও উপদেশ দরকার হতে পারে, অথবা তারা শুধু কোন একজনের সাথে কথা বলার দরকার হতে পারে।

*“বাড়ীর থেকে চুরি হওয়ার পরে, আমি যতবারই বাড়ী পরিষ্কার করি না কেন, কিছুতেই এটা আগের মত বলে মনে হয় না।”*

*“আমার খালি মনে হয় যে আমাকে যে আক্রমণ করেছিল সে রাস্তা দিয়ে আমার দিকে হেঁটে আসছে।”*

*“আদালতে যাওয়ার ব্যাপারে এবং সেখানে গিয়ে তার মুখোমুখি হওয়ার কথা ভেবে আমার খুব দুশ্চিন্তা হচ্ছে।”*

*“বীমার (ইন্সিওরেন্সের) থেকে বা কোনরকম ক্ষতিপূরণ আমরা দাবি করতে পারব কিনা তা আমরা জানতাম না।”*

#### ভিক্টিম সাপোর্ট কি?

ভিক্টিম সাপোর্ট হচ্ছে একটি স্বাধীন জাতীয় দাতব্য প্রতিষ্ঠান (চ্যারিটি) যারা অপরাধের প্রভাব সামলাতে লোককে সাহায্য করে। কোন অপরাধ ঘটার পরে, স্থানীয় শাখার ভলান্টিয়াররা (স্বেচ্ছাসেবক/সেবিকারা) লোকদের সাথে যোগাযোগ করেন, বিনা খরচে এবং গোপনে সাহায্য ও তথ্য দিতে চান। পুলিশ এবং অন্যান্য প্রতিষ্ঠান লোককে ভিক্টিম সাপোর্টের কাছে পাঠায়, অথবা তারা নিজেরাই সাহায্য পাওয়ার জন্য আমাদের সাথে যোগাযোগ করেন।

সমাজের সব অংশের জন্য একটা ব্যাপক সার্ভিস দেওয়া হচ্ছে ভিক্টিম সাপোর্টের লক্ষ্য এবং সব রকমের লোককে যাতে এই প্রতিষ্ঠানে স্বাগত জানানো ও জড়িত করা হয় তা নিশ্চিত করতে আমরা বদ্ধপরিকর।।

যাদের বিরুদ্ধে অপরাধ করা হয়েছে তাদের, সাক্ষীদের ও তাদের পরিবারদের অধিকারগুলির জন্য এবং অপরাধের প্রভাব সম্বন্ধে সচেতনতা বাড়ানোর উদ্দেশ্যে ভিক্টিম সাপোর্ট কাজ করে।

## আদালতে ভিক্টিম সাপোর্ট

যাদের বিরুদ্ধে অপরাধ করা হয়েছে, তাদের, সাক্ষীদের এবং তাদের পরিবার ও বন্ধুবান্ধবদের, বিচারের আগে, সময়ে ও পরে, ভিক্টিম সাপোর্ট-এর উইটনেস সার্ভিস সাহায্য করে।

সব ক্রাইম কোর্ট সেন্টার ও ম্যাজিস্ট্রেটের কোর্টে অবস্থিত প্রশিক্ষণপ্রাপ্ত ভলান্টিয়াররা, আদালতে যা হয় সে বিষয়ে মানসিক সাহায্য ও ব্যবহারিক তথ্য দিয়ে থাকেন।

## আপনি কিভাবে সাহায্য করতে পারেন

### আরও অর্থসংস্থানের জন্য জরুরী দরকার

সেন্ট্রাল গভর্নমেন্ট (কেন্দ্রীয় সরকার) ও লোকাল গভর্নমেন্টের কাছ থেকে ভিক্টিম সাপোর্ট কিছু অর্থ সাহায্য পায়। অন্যান্য খরচের জন্য টাকা তুলতে হয়।

আপনি যা করে সাহায্য করতে পারেন তা হল:

- কোন একটা প্রকল্পের ব্যয় বহন করে
- অর্থ দান করে
- 'ফ্রেন্ডস্ অফ্ ভিক্টিম সাপোর্ট'-এ যোগদান করে

### আরও ভলান্টিয়ারের জন্য জরুরী দরকার

যাদের বিরুদ্ধে অপরাধ করা হয়েছে সেই অপরাধের জের সামলাতে তাদের সাহায্য করার জন্য যে হাজার হাজার লোক নিজেদের সময় ব্যয় করেন, তাদের ওপর ভিক্টিম সাপোর্ট নির্ভর করে। সমাজের সব অংশ থেকেই ভলান্টিয়ারদের স্বাগত

জানানো হচ্ছে। সম্পূর্ণ প্রশিক্ষণ দেওয়া হবে এবং তাদের খরচ মিটিয়ে দেওয়া হবে। আপনি যা করে সাহায্য করতে পারেন তা হল:

- একজন ভলান্টিয়ার ভিজিটর হিসাবে প্রশিক্ষণ নিয়ে
- একজন আদালতে-অবস্থিত ভলান্টিয়ার হিসাবে প্রশিক্ষণ নিয়ে।

তাছাড়াও, অন্যান্য ভাবে সাহায্য করার সুযোগ আছে, যেমন ট্রাকা তোলা ও প্রচারের ব্যাপারে, অফিস পরিচালনা করে, অথবা অনুবাদক বা দোভাষী (ইন্টারপ্রেটার) হিসাবে কাজ করে।

**আপনি যদি ভিক্টিম সাপোর্টকে সাহায্য করতে পারেন, তাহলে এখনই আমাদের সাথে যোগাযোগ করুন**

## **ভিক্টিম সাপোর্ট-এর থেকে যা পাওয়া যায় তা হল**

- গোপনে কথা বলা জন্য কোন একজন লোককে
- পুলিশ এবং আদালতের পদ্ধতি সম্বন্ধে তথ্য
- অপরাধের শিকারদের হয়ে অন্যান্য প্রতিষ্ঠানের সাথে কথাবার্তা বলা
- ক্ষতিপূরণ ও বীমার (ইন্সিওরেন্সের) ব্যাপারে তথ্য
- সাহায্যের অন্যান্য জায়গার সাথে যোগাযোগ করা
- লোকের সাথে থানায় ও আদালতে যাওয়ার জন্য ভিক্টিম সাপোর্ট ভলান্টিয়ারের ব্যবস্থা করতে পারে।

## **মন্তব্য এবং অভিযোগ**

যাদের বিরুদ্ধে অপরাধ করা হয়েছে তাদের জন্য দেওয়া সার্ভিসের বিষয়ে মন্তব্য ও প্রশ্নাবকে ভিক্টিম সাপোর্ট স্বাগত জানায়। তাছাড়াও, আপনি যদি মনে করেন যে ঠিকমত কাজ করা হয়নি, তাহলে একটি রীতিগতভাবে অভিযোগ জানানোর পদ্ধতি রয়েছে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ভিক্টিম সাপোর্ট/উইটনেস সার্ভিসের স্থানীয় শাখা অথবা জাতীয় অফিসের সাথে যোগাযোগ করবেন।



## ভিক্টিম সাপোর্ট-এর সাথে যোগাযোগ করা

ভিক্টিম সাপোর্ট হচ্ছে একটি দাতব্য প্রতিষ্ঠান, যারা দানের ওপর নির্ভর করে। আপনি যদি দান করতে চান, তাহলে অনুগ্রহ করে আপনার স্থানীয় শাখা অথবা জাতীয় (ন্যাশনাল) অফিসের সাথে যোগাযোগ করবেন।



## Victim Supportline 0845 30 30 900

ভিক্টিম সাপোর্টলাইন (সাহায্যের লাইন) আপনার সাথে আপনার স্থানীয় উইটনেস সাপোর্টের সাথে যোগাযোগ করিয়ে দিতে পারবে।

ভিক্টিম সাপোর্ট কতৃক প্রকাশিত

প্রেসিডেন্ট হার রয়াল হইনেস দা প্রিন্সেস রয়াল

Victim Support National Office (ভিক্টিম সাপোর্ট ন্যাশনাল অফিস),  
Cranmer House, 39 Brixton Road, London, SW9 6DZ  
টেলিফোন: 020 7735 9166 ফ্যাক্স: 020 7582 5712  
Web: [www.victimsupport.org](http://www.victimsupport.org)

চ্যারিটি রেজিস্ট্রেশন: 298028 কম্পানী নম্বর: 2158780

ইংল্যান্ড-এ রেজিস্ট্রার করা লিমিটেড বাই গ্যারান্টি

রেজিস্ট্রার্ড অফিস: ওপরে দেওয়া ঠিকানা

**Bengali**

January 2003

জানুয়ারী ২০০৩